

প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ২৬ জুলাই ২০২২

হংকংস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং এর সর্ববৃহৎ বইমেলা ২০২২ এ অংশগ্রহণ করেছে। হংকং কনভেনশন সেন্টারে সপ্তাহব্যাপী (২০-২৬ জুলাই) আয়োজিত ৩২তম HKTDC Book Fair উদ্বোধন করেন হংকং বিশেষ প্রশাসনিক অঞ্চলের সরকারের প্রধান নির্বাহী জন লী। হংকং-এর ২৫তম প্রতিষ্ঠাবার্ষিকীতে আয়োজিত এই বইমেলায় ৭০০ এর অধিক প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। উদ্বোধনী অনুষ্ঠানে মান্যবর কনসাল জেনারেল মিজ ইসরাত আরা অংশগ্রহণ করেন। বাংলাদেশের স্টলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের “অসমাপ্ত আত্মজীবনী” ও “কারাগারের রোজনামা” (ইংরেজী অনুবাদ) সহ বঙ্গবন্ধু সম্পর্কিত অন্যান্য প্রকাশনা/বই প্রদর্শন করা হয়। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপর প্রকাশিত বিভিন্ন গ্রন্থ, বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের উপর প্রকাশনা/বই, বাংলাদেশের মুক্তিযুদ্ধ, ইতিহাস, সংস্কৃতি, ভ্রমণ সম্পর্কিত অন্যান্য ইংরেজী বই প্রদর্শন করা হয়। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, অন্যান্য দেশের কনসাল জেনারেল, হংকংস্থ প্রবাসী বাংলাদেশী, স্কুল কলেজের ছাত্র-ছাত্রী সহ বিপুল সংখ্যক দর্শনার্থী বাংলাদেশ স্টল পরিদর্শন করেন এবং তারা বঙ্গবন্ধু, বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, দর্শনীয় স্থান সমূহের বিষয়ে জানার আগ্রহ প্রকাশ করেন। বইমেলায় পাশাপাশি বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং, এডুকেশন ও ক্যারিয়ার এক্সপো ২০২২-এ ও অংশগ্রহণ করেছে।

